দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 NOV. 2015 ...
পৃষ্ঠা ... ২৭ ... কলাম ... 2 ......

# শিবালয়ে জিডি করলেন খ্রিস্টান স্কুল প্রধান

■ শিবালয় (মানিকগঞ্জ) সংবাদদাতা

তিন মোটরসাইকেলে আসা অজ্ঞাত পরিচয় ব্যক্তিদের সন্দেহজনক ঘুরাফেরা ও তথ্য নেয়ার কারণে শিবালয় উপজেলার উথলীতে অবস্থিত একমাত্র খ্রিস্টান পল্লীর সাধ্বী এঞ্জেলা স্কুলের প্রধান রেভারেন্ট ফাদার ডমিনিক রোজারিও নিরাপত্তার অভাবে থানায় জিডি করেছেন। জানা গেছে, শনিবার সকালে ৩ মোটর সাইকেলে ছয় আরোহী উক্ত স্কুলের গেটে এসে ফাদারের খোঁজ নেয়। এ সময় স্কুল প্রধান উপস্থিত ছিলেন না। ধূলা-বালি রক্ষায় ব্যবহৃত মুখোশ পরা আগন্তুকরা নানা তথ্য জানার চেষ্টা করে। এ ঘটনার পর ফাদার রোজারিও ঢাকায় চলে যান। সংশ্লিষ্ট মহলে ভীতির সঞ্চার হলে থানায় জিডি করা হয়।